



বেগম খালেদা জিয়াকে ভিআইপি ব্যক্তি ঘোষণার সিদ্ধান্ত অন্তর্বর্তী সরকারের



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকার সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে ‘অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি’ (ভিআইপি) হিসেবে ঘোষণা করার সিদ্ধান্ত নিয়েছে। একই সঙ্গে তার জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের বিষয়টিও গুরুত্বের সঙ্গে নেওয়া হয়েছে। এই সিদ্ধান্তটি নেওয়া হয়েছে সোমবার (১ ডিসেম্বর) সন্ধ্যায় অনুষ্ঠিত নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা পরিষদের বৈঠকে। বৈঠকের পর প্রজ্ঞাপন জারি করা হবে বলে জানা গেছে। প্রসঙ্গত, বর্তমানে খালেদা জিয়া রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন। গত ২৩ নভেম্বর রাতের দিকে স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসার জন্য গুলশানের বাসা ফিরোজা থেকে তাকে হাসপাতালে স্থানান্তর করা হয়। চিকিৎসকরা তার অবস্থার ওপর নজর রাখছেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রয়েছে।

LENS ASIA